ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ... কলাম 2

00-002

# সাক্ষরতা কর্মসূচীতে শিক্ষিতদের অংশগ্রহণের আহ্বান

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (সোমবার) ঢাকা-নগরীসহ বিভিন্নস্থানে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জাতিসংঘ তথ্যকেন্দ্রে গতকাল আয়োজিত আলোচনা সভায় উপ-প্রধানমন্ত্রী ডাঃ এম, এ, মতিন প্রধান অতিথির ভাষণে দেশের আড়াই কোটি শিক্ষিত মানুষের প্রতি জাতীয় সাক্ষরতা কর্মসূচীর অংশগ্রহণের আহ্বান জানান। জাতিসংঘ তথ্যকেন্দ্র ও লায়ন্স ক্লাব অব ঢাকা সেন্ট্রাল-এর উদ্যোগে প্রফেসর ডাঃ মোস্তাফিজুর রহমান, শাহজাহান খাদেম, জাতিসংঘ তথ্যকেন্দ্রের হাসান ফেরদৌস, আতাউল করিম প্রমুখ আলোচনায় অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন এন, এ, এম ইসকেন্দার। ডাঃ এম, এ মতিন আরও বলেন, জাতিসংঘ সনদ অনুযায়ী শিক্ষা মানুষের জন্মগত অধিকার। অন্যান্য বক্তা সাক্ষরতা

(২য় পৃঃ দ্রঃ)

## সাক্ষরতা

(১ম পৃঃ পর)

কর্মসূচীর জন্য একটি আলাদা পরিদপ্তর প্রতিষ্ঠা এবং প্রতিগ্রামে একজন পুরুষ ও একজন মহিলা শিক্ষককে এই কাজে নিয়োগ করার দাবী জানান।

সমবায় সদনে আয়োজিত আলোচনা সভায় সভাপতির ভাষণে পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী বি, কে, দেওয়ান বলেন, নিরক্ষরতা দূরীকরণে সমবায় সংগঠনগুলি ব্যাপক কার্যকর ভূমিকা রাখিতে পারে। বিশ বছর আগের আমাদের দেশের শিক্ষিতের হার এবং বর্তমান হার তুলনা করিলে দেখা যায় আমরা ক্রমে পিছাইয়া যাইতেছি। অনুষ্ঠানে এ,কে,এম, জাহিরুল হক প্রবন্ধ পাঠ এবং আবুল কাশেম সন্দীপ, ইকবাল হোসেন, রফিকুল ইসলাম সরকার, আমির হোসেন আলোচনা করেন। জাতীয় সমবায় ইউনিয়ন, জাতীয় সাক্ষরতা সমন্বয় পরিষদ ও জাতীয় যুব সংগঠন ফেডারেশনের উদ্যোগে এই সভা হয়।

মীরপুরে ডঃ মুহম্মদ শহীদুল্লাহ আদর্শ বিদ্যালয় প্রাঙ্গণে জাতিসংঘ সমিতি আয়োজিত সভায় প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার প্রচলনের উপর গুরুত্ব আরোপ করেন। সমিতি সভাপতি প্রফেসর সালাহউদ্দিন আহমদের সভাপতিত্বে ডঃ আলী আকবর আকন্দ, সৈয়দ আহমদ হোসেন, এ, এফ, এম, শফিউল্লাহ আলোচনায় অংশ নেন।

মতিঝিল নৈশ বিদ্যালয়ে আয়োজিত আলোচনা সভায় বলা হয়, যে সকল প্রতিষ্ঠান সত্যিকারভাবে নিরক্ষরতা দূরীকরণে নিয়োজিত তাহাদেরকে সরকারী আর্থিক সাহায্য দ্বারা উৎসাহিত করা উচিত। মেসবাহউদ্দিন সাবুর সভাপতিত্বে সংসদ সদস্য রহমতউল্লাহ বক্তৃতা করেন।

পরিবার পরিকল্পনা সমিতির কেন্দ্রীয় কার্যালয়ে শিশু-কিশোরদের হাতে আঁকা ছবি ও হাতে তৈরী জিনিসের প্রদর্শনী ও প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

গত রবিবার গণশিক্ষা সংঘের উদ্যোগে জাতিসংঘ তথ্যকেন্দ্রে আয়োজিত আলোচনা সভায় জাতীয় ভিত্তিতে অগ্রাধিকারের ভিত্তিতে গণসাক্ষরতা তথা শিক্ষাদান কর্মসূচী চালুর জন্য জাতীয় অঙ্গীকার ও রাষ্ট্রিয় পদক্ষেপের উপর গুরুত্ব আরোপ করা হয়। ডঃ কে, এম ওবায়দুল্লাহ, ডঃ খান মুহম্মদ সিরাজুল ইসলাম আলোচায় অংশ নেন। সভাপতিত্ব করেন কাজী রফিকুল